



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,  
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,  
ঢাকা-১০০০।  
ক্রেডিট বিভাগ



প্রকা/ক্রেঃবিঃ-১/২৬(০১)/২০১৯-২০২০/১০৭৪(১২০০)

তারিখঃ ১৮/০৩/২০২০

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।  
উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা/কর্পোরেট শাখাসমূহ।  
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির জন্য ব্যাংক ঋণের মাধ্যমে কন্সাইন হারভেস্টার আমদানিকারক/সরবরাহকারী হিসেবে দি মেটাল (প্রাঃ) লিঃ এর তালিকাভুক্তির চুক্তিপত্র বাতিল করে জমাকৃত নিরাপত্তা জামানতের টাকা ফেরৎ প্রদানের আবেদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির জন্য ব্যাংক ঋণের মাধ্যমে কন্সাইন হারভেস্টার আমদানিকারক/সরবরাহকারী হিসাবে তালিকাভুক্ত প্রতিষ্ঠান হিসেবে দি মেটাল (প্রাঃ) লিঃ গত ১১/০৩/২০১৯ তারিখ হতে কন্সাইন হারভেস্টার সরবরাহকারী হিসেবে অত্র ব্যাংকের সহিত তালিকাভুক্ত হয়; যার মেয়াদ আগামী ৩১/১২/২০২০ তারিখ পর্যন্ত বলবৎ আছে। অত্র বিভাগের সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/২৬(০১)/২০১৮-১৯/৬৮০(১২০০) তারিখ ১২/০৫/২০১৯ মূলে ০১(এক)টি মডেলের ০৯(নয়)টি “ডিআর১৫০এ (৪এলজেড-১৫০এ)” কন্সাইন হারভেস্টার এর মূল্য নির্ধারণ করা হয়। মেটাল গ্রুপের প্রতিষ্ঠান মেটাল এথ্রিটেক লিঃ কর্তৃক তাদের আবেদনে উল্লেখ করেছেন যে, মূল্য নির্ধারণ করার পর অদ্যাবধি একটি কন্সাইন হারভেস্টারও কৃষি ব্যাংকের ঋণে বিক্রয় করতে পারেনি। চুক্তিপত্রের ১০(ক) শর্তানুযায়ী ব্যাংক ঋণের বিপরীতে সর্বশেষ সরবরাহকৃত কন্সাইন হারভেস্টার ০১(এক) বছর ০৬(ছয়) মাস পর্যন্ত নির্বিঘ্নে চলার নিশ্চয়তা দিতে হবে। চুক্তি বাতিল করে জামানতের টাকা ফেরত প্রদান করা হলে পরবর্তীতে ব্যাংক বা ঋণ গ্রহীতা যাতে ক্ষতিগ্রস্ত না হয় সে জন্য দি মেটাল (প্রাঃ) লিঃ কর্তৃক মাঠ পর্যায়ে কোন শাখায় “ডিআর১৫০এ (৪এলজেড-১৫০এ)” কন্সাইন হারভেস্টার সরবরাহ করা হয়েছে কিনা বা কন্সাইন হারভেস্টার সরবরাহ করা হয়ে থাকলে তার বিরুদ্ধে কোন অভিযোগ/আপত্তি আছে কি না- তথ্য জানা প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, দি মেটাল (প্রাঃ) লিঃ কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণে কোন কন্সাইন হারভেস্টার সরবরাহ করা হয়েছে কিনা বা তার বিরুদ্ধে কোন অভিযোগ/আপত্তি আছে কি না তা লিখিত পত্রের মাধ্যমে আগামী ০১/০৪/২০২০ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। ০১/০৪/২০১৯ তারিখের মধ্যে কোন জবাব/তথ্য প্রেরণ না করা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণে “ডিআর১৫০এ (৪এলজেড-১৫০এ)” মডেলের কোন কন্সাইন হারভেস্টার সরবরাহ করা হয়নি মর্মে বিবেচনা করা হবে।

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

ফোনঃ ৯৫৫০৪০৩

তারিখঃ ১৮/০৩/২০২০

প্রকা/ক্রেঃবিঃ-১/২৬(০১)/২০১৯-২০২০/১০৭৪(১২০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়।
- ৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ৪। উপ মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (উক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, দি মেটাল (প্রাঃ) লিঃ, পিবিএল টাওয়ার (১৫ তলা), ১৭, নর্থ কমার্শিয়াল এরিয়া, গুলশান সার্কেল-২, ঢাকা-১২১২।
- ৭। নথি / মহানথি।

(মোঃ নাজমুল করিম চৌধুরী)

সহকারী মহাব্যবস্থাপক